সংবাদ

তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৩ ...

# ইবি শিক্ষকের ওপর হামলা
## বিচার দাবিতে মানববন্ধন

**প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইফুজ্জামানের ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সোচ্চার হয়ে উঠেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের অনুষদ ভবনের সামনে শিক্ষক সমিতি ও বাংলা বিভাগের যৌথ উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধনে বক্তারা অনতিবিলম্বে সাইফুজ্জামানের ওপর হামলাকীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, গত ২০ মে কুষ্টিয়ার বটতৈল এলাকায় দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হয়ে ঢাকার এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ইবি শিক্ষক সাইফুজ্জামান। হামলার ঘটনায় তার বন্ধু হোমিও ডাক্তার সানোয়ার রহমান নিহত হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের ওপর হামলার বিচারের দাবিতে অনুষ্ঠিত মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীসহ সহস্রাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। শিক্ষক সমিতির যুগ্ম-সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় এবং সমিতির সভাপতি প্রফেসর ড. এমতাজ হোসেনের সভাপতিত্বে মানবন্ধনে বক্তব্য রাখেন ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকার, প্রো-ভিসি প্রফেসর ড. মো. শাহিনুর রহমান, বাংলা বিভাগের সভাপতি প্রফেসর ড. গৌতম কুমার দাস, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. অলী উল্যাহ। এছাড়াও উপস্থি ছিলেন, প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান, ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. আনোয়ার হোসেন. প্রফেসর ড. জাহাঙ্গির হোসেন, প্রফেসর ড. সরওয়ার মোর্শেদ, প্রফেসর ড. মাহবুবুর রহমান, প্রফেসর ড. জহুরুল ইসলাম, প্রফেসর ড. এ এইচ এম আক্তারুল ইসলাম জিল্লু, প্রফেসর ড. মিজানুর রহমান, ড. বাকিবিল্লাহ বিকুল, ড. রাশিদুজ্জামান, ড. তপন কুমার রায় প্রমুখ।